# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৭০৫

৯/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৩৯. গণীমতের মাল আত্মসাতকারীর শাস্তি।

باب فِي عُقُوبَةِ الْغَالِّ

আরবী

حَدَّثَنَا أَبُو صَالِحٍ، مَحْبُوبُ بْنُ مُوسَى الأَنْطَاكِيُّ قَالَ أَخْبَرَنَا أَبُو إِسْحَاقَ، عَنْ صَالِحِ بْنِ مُحَمَّدٍ، قَالَ غَزَوْنَا مَعَ الْوَلِيدِ بْنِ هِشَامٍ وَمَعَنَا سَالِمُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ وَعُمَرُ بْنُ عَبْدِ الْعَزِيزِ فَغَلَّ رَجُلٌ مَتَاعًا فَأَمَرَ الْوَلِيدُ بِمَتَاعِهِ فَأُحْرِقَ وَطِيفَ بِهِ وَلَمْ يُعْطِهِ سَهْمَهُ . قَالَ أَبُو دَاوُدَ وَهَذَا أَصَحُّ الْحَدِيثَيْنِ رَوَاهُ غَيْرُ وَاحِدٍ أَنَّ الْوَلِيدَ بْنَ هِشَامٍ حَرَّقَ رَحْلَ زِيَادِ بْنِ سَعْدٍ ـ وَكَانَ قَدْ غَلَّ ـ وَضَرَبَهُ .

বাংলা

২৭০৫. আবূ সালিহ্ মাহবুব ইবন মূসা (রহঃ) ..... সালিহ্ ইবন মুহাম্মদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা আমরা ওয়ালীদ ইবন হিশামের নেতৃত্বে জিহাদে অংশগ্রহণ করি। এ সময় সালিম ইবন ’আবদুল্লাহ্, ইবন ’উমার (রাঃ) এবং ’উমার ইবন আবদুল আযীয (রহঃ) আমাদের সাথে ছিলেন। তখন জনৈক ব্যক্তি গণীমতের মাল হতে চুরি করলে ওয়ালীদের নির্দেশে তার সমস্ত মালামাল জ্বালিয়ে দেওয়া হয়, তাকে অপমানের উদ্দেশ্যে (লোকদের মাঝে) ঘুরানো হয় এবং গণীমতের মাল হতে তাকে কোন অংশ দেওয়া হয়নি।

আবূ দাউদ (রহঃ) বলেনঃ আলোচ্য দু’টি হাদীছের মাঝে এই হাদীছটি অধিক সহীহ্ কয়েক ব্যক্তি হতে এরূপ বর্ণিত যে, ওয়ালীদ ইবন হিশাম যিয়াদ ইবন সা’দের মালামাল জ্বালিয়ে দিয়েছিল। কেননা, সে মালে গণীমত চুরি করেছিল, ফলে সে তাকে মেরেছিল।

## English

Salih bin Muhammad said “We went out on an expedition with Al Walid bin Hisham and Salim bin ‘Abd Allaah bin ‘Umat and ‘Umar bin ‘Abd Al Aziz were with us. A man had been dishonest about booty. Al Walid ordered to burn his property and it was circulated (among the people). He did not give him his share.

Abu Dawud said “This is sounder of the two traditions. Others narrated that Al Walid bin Hashim burnt the Camel saddle of Ziyad bin Sa’d “He had been dishonest about booty and he beat him.”

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=34813

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন